যুগান্তর

JUN. 25 2002

# ঢাবি ক্যাম্পাসে মাইক ব্যবহার নিষিদ্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মাইক ব্যবহার করা যাবে না এবং আবাসিক ছাত্রীদের রাত ৯টা ও ছাত্রদের রাত সাড়ে

মাইক : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## মাইক : ঢাবি

(শেষ পৃষ্ঠার পর)

১০টার মধ্যে হলে ফিরতে হবে। প্রক্টোরিয়াল বিধিতে বিদ্যমান এ ধরনের নিয়মকানুন পালনে কঠোরতা অবলম্বনের জন্য প্রক্টর, সহকারী প্রক্টর, প্রভোস্ট ও আবাসিক শিক্ষকদের প্রতি নির্দেশ দিয়েছেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী।

গতকাল প্রক্টর, প্রভোস্ট ও আবাসিক শিক্ষকদের সভায় প্রক্টোরিয়াল বিধি পালনে কঠোরতা অবলম্বনের সিদ্ধান্ত নেয়া হয়। প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সভায় উপাচার্য সভাপতিত্ব করেন। এতে প্রক্টর নজরুল ইসলাম, সব সহকারী প্রক্টর এবং ১৬টি হলের প্রভোস্ট ও আবাসিক শিক্ষকরা উপস্থিত ছিলেন।

সভায় ক্যাম্পাসের বিদ্যমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে বহিরাগত ও সন্ত্রাসীরা যাতে আর হলে থাকতে না পারে এবং ক্যাম্পাসের পরিবেশ আরও উন্নত করা যায় সে ব্যাপারে কয়েকটি সিদ্ধান্ত নেয়া হয়। ক্যাম্পাসে মাইক ব্যবহার বন্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অচিরেই সব ছাত্র সংগঠনের কাছে সহযোগিতা চেয়ে চিঠি পাঠাবে এবং এরপর থেকে ক্যাম্পাসে কেউ মাইক ব্যবহার করলে মাইক নিয়ে নেয়া হবে। রাত ৯টার মধ্যে ছাত্রীদের হলে ফেরার বিধান পালনে আগে কিছুটা শিথিলতা পরিলক্ষিত হতো। এখন থেকে রাত ৯টার মধ্যেই তাদের হলে ফিরতে হবে। ছাত্ররা রাতে যে কোন সময় হলে ফিরতে পারে। এখন থেকে তাদের রাত সাড়ে ১০টার মধ্যে হলে ফিরতে হবে। এছাড়াও হল প্রভোস্ট ও আবাসিক শিক্ষকদের শুধু বৈধ ছাত্রদের হলে থাকার বিষয়টি নিশ্চিত করতে বলা হয়। কোন বহিরাগত হলে থাকলে বা ক্যাম্পাসে কোন সন্ত্রাসী প্রবেশ করলে তাকে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দেয়া হবে।